

3 (Sem-3/CBCS) BEN-HC 3

2 0 2 1

( Held in 2022 )

BENGALI

Paper : BEN-HC-3036



( Honours Course )

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'চর্যাপদ'-এর পুঁথিটি কোথা থেকে আবিষ্কার করা হয়েছিল?

(খ) দৌলত কাজীর কোন্ অসমাপ্ত রচনা সৈয়দ আলাওল সম্পূর্ণ করেছিলেন?

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কবি কোন্ দেবীর উপাসক ছিলেন?

(ঘ) ভারতচন্দ্র রায় কোন্ রাজার পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন?



( 2 )

- (ঙ) দ্বিজমাধব কোন্ মঙ্গলকাব্য ধারার কবি ছিলেন ?
- (চ) নারায়ণ দেব কোন্ উপাধিতে ভূষিত হয়েছিলেন ?
- (ছ) রূপরাম চক্রবর্তীর কাব্যটি কোন্ নামে অধিক পরিচিতি লাভ করেছে ?
- (জ) কৃত্তিবাস ওঝা কোন্ গ্রামে জন্মগ্রহণ করেন ?
- (ঝ) কাশীরাম দাস কার উপদেশে 'মহাভারত পাঁচালি' রচনায় প্রবৃত্ত হয়েছিলেন ?
- (ঞ) রামপ্রসাদ সেন কোন্ শতকে কাব্য রচনা করেছিলেন ?
- ২। সংক্ষিপ্ত উত্তর দাও :  $২ \times ৫ = ১০$
- (ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কোন্ সাহিত্য প্রতিষ্ঠান থেকে, কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয় ?
- (খ) নাথ সাহিত্যের 'গোরক্ষনাথ বৃত্ত'-এর দুজন কবির নাম লেখো।
- (গ) কোন্ গ্রামে ঘনরাম চক্রবর্তী জন্মগ্রহণ করেছিলেন ? তিনি কোন্ রাজার পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন ?
- (ঘ) 'ভাগবত' অনুবাদের জন্য মালাধর বসু বাংলার শাসক কোন্ সুলতানের কাছ থেকে, কী উপাধি লাভ করেছিলেন ?
- (ঙ) বাংলায় 'মহাভারত' প্রথম কে অনুবাদ করেছিলেন ? তিনি কার নির্দেশে 'মহাভারত'-এর অনুবাদ করেছিলেন ?

( 3 )

- ৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$
- (ক) বাংলা সাহিত্যের প্রাচীনতম কাব্য 'চর্যাপদ'-এর ঐতিহাসিক মূল্য নির্ধারণ করো।
- (খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের নামকরণের প্রেক্ষাপট ও সাংক্ৰান্তিকতা বিচার করো।
- (গ) মুকুন্দ চক্রবর্তীর কবিকৃতির এক মূল্যায়ন প্রস্তুত করো।
- (ঘ) 'ধর্মমঙ্গল' কাব্য রচনায় রূপরাম চক্রবর্তীর কৃতিত্ব বিচার করো।
- (ঙ) শ্রীকর নন্দীর অনুবাদের বৈশিষ্ট্য আলোচনা করো।
- (চ) 'মহাভারত'-এর অনুবাদক হিসেবে কাশীরাম দাসের কৃতিত্ব আলোচনা করো।
- ৪। (ক) বাংলার নাথ সাহিত্য সম্বন্ধে আলোচনা করো।  $১০$
- অথবা
- (খ) কবি আলাওলের সাহিত্যকৃতির পূর্ণাঙ্গ পরিচয় দাও।
- ৫। (ক) 'মনসামঙ্গল' কাব্যধারায় নারায়ণ দেবের অবদান আলোচনা করো।  $১০$
- অথবা
- (খ) 'চণ্ডীমঙ্গল' ধারার দুটি বৃত্ত সম্বন্ধে আলোচনা করো।
- ৬। (ক) 'রামায়ণ'-এর অনুবাদক হিসেবে কৃত্তিবাস ওঝার কৃতিত্ব নিয়ে আলোচনা করো।  $১০$



( 4 )

অথবা

(খ) 'ভাগবত'-এর অনুবাদক হিসেবে মালাধর বসুর কৃতিত্বের এক মূল্যায়ন প্রস্তুত করো।

৭। (ক) শ্রীচৈতন্যের জীবনীগ্রন্থ হিসেবে কৃষ্ণদাস কবিরাজের 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের মূল্যায়ন করো।

১০

অথবা

(খ) 'ধর্মমঙ্গল' কাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

★★★

